

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী /সরবরাহকারীর নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
৩০/১৭-১৮	ডট ম্যাট্রিক্স প্রিন্টার	৫০০/-	১৪,০০০/-	১২/০৪/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত	১৫/০৪/২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ ১২.০০ ঘটিকা (BST) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, ঢাকা।	১৫/০৪/২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ ১২.৩০ ঘটিকা (BST) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, ঢাকা।

শর্তাবলীঃ

- ০১॥ অগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র দলিল দেখিতে পারিবেন।
- ০২॥ অগ্রহী দরদাতাগণ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হইতে ছকে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর দক্ষিণ সুহিলপুর (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।
- ০৩॥ অগ্রহী দরদাতাগণ আগামী ১৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীল গালাযুক্ত খামে নিলাম দরপত্র সমূহ (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে পারিবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হইবে না।
- ০৪॥ উল্লেখিত টাকার পে- অর্ডার /ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে। দাখিলকৃত সকল দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল), বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৫॥ “কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ” সরবরাহের ক্ষেত্রে দরপত্রের সহিত দাখিলকৃত মূল্যের কমপক্ষে ৫০% মূল্যের “কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ” ইতিপূর্বে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সরবরাহের সন্তোষজনক কর্মসম্পাদনের অভিজ্ঞতার সনদপত্র থাকিতে হইবে, যাহার স্বপক্ষে অভিজ্ঞতার সনদ দাখিল করিতে হইবে এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্যপদ ও সদস্য নম্বর উল্লেখ পূর্বক প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।

- ০৬॥ সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী পূরনসহ দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- ০৭॥ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে ডিডি/একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হইবে।
- ০৮॥ দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা গ্রহনযোগ্য হইবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হইলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ০৯॥ দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।
- ১০॥ কোন কারন দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহন /বাতিল করিবার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিত ভাবে সিডিউলে বর্ণিত থাকিবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া
ফোন নং-০৮৫১-৫৭৫০০

Ad